Cambridge শহরের নির্বাচন কমিশনারের বোর্ড

51 Inman Street, Cambridge, MA 02139 • ফোন: 617-349-4361
ফ্যাক্স: 617-349-4366 • ইমেইল: elections@cambridgema.gov

**কমিশনারবৃন্দ:**
Ethridge A. King, Jr.
Larry W. Ward
Charles J. Marquardt
Thomas J Stohlman Jr.

**নির্বাহী পরিচালক:**
Tanya L. Ford

**সহকারী পরিচালক:**
Lesley A. Waxman

প্রিসর্টেট STD
মার্কিন ডাক
পরিশোধিত
CAMBRIDGE MA
আদেশপত্র নং 58215

আবাসিক গ্রাহক
Cambridge, MA

**5ই নভেম্বর, 2024 তারিখ রাষ্ট্রপতি নির্বাচনের জন্য নির্বাচন কমিশন 24-ঘন্টা অফিসিয়াল ব্যালট ড্রপ বক্সের লোকেশন**

## প্রধান ড্রপ বাক্সের স্থান

**এই লোকেশনটি শুক্রবার, 11ই অক্টোবর, 2024 তারিখ থেকে নির্বাচনের দিন, মঙ্গলবার, 5ই নভেম্বর, 2024 তারিখ রাত 8 টা পর্যন্ত খোলা থাকবে নির্বাচনের দিন, 5ই নভেম্বর, 2024 তারিখ শুধুমাত্র এই ড্রপ বক্সের লোকেশন খোলা থাকবে।**

**Coffon ভবন**
*51 Inman Street*
*সামনের প্রবেশপথের ডানদিকে*

## স্যাটেলাইট ড্রপ বক্সের স্থানসমূহ

**নিম্নলিখিত স্থানগুলো শুক্রবার, 11ই অক্টোবর, 2024 তারিখ থেকে সোমবার, 4 নভেম্বর, 2024 তারিখ রাত 8 টা পর্যন্ত খোলা থাকবে নির্বাচনের দিন স্যাটেলাইটের স্থানসমূহ খোলা থাকবে না, নভেম্বর 5, 2024।**

**City Hall**
*795 Massachusetts Avenue*
*পিছনের দরজার কাছে*

**Morse স্কুল**
*40 Granite Street*
*সামনের প্রবেশপথের কাছে*

**Cambridge Police Headquarters (Cambridge পুলিশ সদরদপ্তরসমূহ)**
*125 6th Street*
*ভবনের সামনের দিকের কাছাকাছি*

**Maria L. Baldwin স্কুল**
*85 Oxford Street*
*Oxford Street-এর প্রবেশপথের ডানপাশে*

**O'Neill লাইব্রেরী**
*70 Rindge Avenue*
*প্রবেশপথের সিঁড়ি সংলগ্ন*

অনুগ্রহ করে নিশ্চিত করুন যে আপনার ভোট দেওয়া ব্যালট জুরাত খামের (হলুদ খামের) ভিতরে সিল করা আছে এবং ড্রপ বক্সে খামটি ঢোকানোর আগে জুরাত খামের উপর নিশ্চিতকরণ স্বাক্ষর করা হয়েছে।

## বহুভাষিক রিসোর্স:

বাংলা
አማርኛ
عربي
ESPAÑOL
中文
PORTUGUÊS
FRANÇAIS
KREYÒL AYISYEN
ENGLISH

# CAMBRIDGE শহরে রাষ্ট্রপতি নির্বাচন, 5ই নভেম্বর 2024 সালের প্রারম্ভিক ভোট প্রদানের নির্দেশিকা

# আর্লি ভোট দিন! মেইলের মাধ্যমে ভোট দিন!

Cambridge Election Commission (Cambridge নির্বাচন কমিশন) আপনার সময়সূচী অনুযায়ী ভোট দেওয়া সহজ এবং সুবিধাজনক করে তুলেছে। ডাকযোগে বা স্বশরীরে গিয়ে আর্লি ভোট দিন!

**স্বশরীরে গিয়ে প্রারম্ভিক ভোটদানের সময়কাল**
19ই অক্টোবর — 1লা নভেম্বর
*সময় ও স্থান জানতে ভিতরে দেখুন!*




## ভোটার নিবন্ধন

**অনলাইন:** www.RegisterToVoteMA.com
আপনার যদি Registry of Motor Vehicles ID (মোটর যানবাহনের আইডির রেজিস্ট্রি) না থাকে, তাহলে আপনাকে আপনার নিবন্ধন ফর্ম প্রিন্ট করতে হবে এবং 51 Inman St, Cambridge MA, 02139-এ Election Commission Office (নির্বাচন কমিশন অফিসে) মেইল করতে হবে।

**স্বশরীরে:**
*Cambridge Election Commission, 51 Inman Street, Cambridge, MA 02139-এ নিয়মিত অফিস চলাকালীন সময়ে।*

শনিবার, 26শে অক্টোবর, আপনি সকাল 9 টা থেকে বিকাল 3 টা পর্যন্ত অথবা Election Commission office-এ সকাল 9 টা থেকে বিকাল 5 টা পর্যন্ত যেকোনও আর্লি ভোটিংয়ের স্থানে নিবন্ধন করতে পারেন।

**আপনার ভোটার রেজিস্ট্রেশন স্ট্যাটাস চেক করুন**
www.RegisterToVoteMA.com
অথবা Election Commission office-এ কল করুন 617-349-4361 নম্বরে।

***আপনার নাম, ঠিকানা বা রাজনৈতিক দল নিবন্ধন বা পরিবর্তন করার সময়সীমা শনিবার, 26শে অক্টোবর।***

# আর্লিভোটিং বোঝা

**আর্লি ভোটিং কী?**
আর্লি ভোট হচ্ছে নির্বাচনের দিন আগে ভোট দেওয়ার সুযোগ। আপনি স্বশরীরে গিয়ে বা ডাকযোগে ভোট দিতে পারেন এবং আপনার ব্যালট নির্বাচনের দিন আপনার জন্য কাস্ট করা হবে। আর্লি ভোটের সময়কাল Massachusetts রাষ্ট্রের আইন দ্বারা নির্ধারিত হয়।

**কারা আর্লি ভোট দিতে পারেন?**
Cambridge-এ যেকোনো নিবন্ধিত ভোটার আর্লি ভোট চলাকালীন সময়ে ভোট দিতে পারেন! অনুপস্থিত ভোটদানের চেয়ে ভিন্ন উপায়ে, আপনার আর্লি ভোটিংয়ের জন্য কোনও অজুহাত বা কারণের প্রয়োজন নেই!

**আমি স্বশরীরে কোথায় গিয়ে আর্লি ভোট দিতে পারি?**
নির্বাচনের দিনের মতো, আপনাকে ভোটদানের স্থানে নিয়োগ করা হয় না। আপনি নিচের বিশদ বিবরণে Cambridge-এর আর্লি ভোটিংয়ের স্থানগুলোর মধ্যে যে কোনোটিতে যেতে পারেন। **রাষ্ট্রপতি নির্বাচনের জন্য** 51 Inman Street-এ অবস্থিত **Election Commission office আর্লি ভোটিংয়ের স্থান হবে না।**

**আমি কখন স্বশরীরে গিয়ে আর্লি ভোট দিতে পারি?**
আর্লি ভোটিংয়ের সময়কাল শনিবার, 19শে অক্টোবর, 2024 তারিখ থেকে শুক্রবার, 1লা নভেম্বর পর্যন্ত। এক দিনের চেয়ে অন্য দিনের সময় ভিন্ন হতে পারে তাই নিচের সময়সূচীটি দেখুন।

**আমি যদি নির্বাচনের দিন ভোট দিতে চাই তাহলে কী হবে?**
আপনি যদি আগেই ভোট না দেন, তাহলেও আপনি নির্বাচনের দিন আপনার নির্ধারিত ভোট কেন্দ্রে ভোট দিতে পারবেন।
**অনুগ্রহ করে জেনে রাখুন, ভোটদানের স্থান পরিবর্তন হতে পারে।**

আপনি নির্বাচনের আগের দিন আপনার নির্ধারিত স্থানসহ একটি ভোটার নোটিফিকেশন পাবেন, অথবা আপনি এখান থেকে দেখতে পারেন www.cambridgema.gov/pollinglocations.
5ই নভেম্বর, 2024 তারিখ মঙ্গলবার সকাল 7 টা থেকে রাত 8 টা পর্যন্ত ভোটদান চলমান থাকবে। আপনি শুধুমাত্র একবার ভোট দিতে পারেন— আপনি যদি আর্লি ভোটিং ব্যালট কাস্ট করেন, তাহলে আপনি নির্বাচনের দিন ভোট দিতে পারবেন না।

# স্বশরীরে গিয়ে আর্লি ভোটিং

| শনি | রবি | সোম | মঙ্গল | বুধ | বৃহস্পতি | শুক্র |
|---|---|---|---|---|---|---|
| 19 অক্টোবর | 20 অক্টোবর | 21 অক্টোবর | 22 অক্টোবর | 23 অক্টোবর | 24 অক্টোবর | 25 অক্টোবর |
| সকাল 9 টা থেকে বিকেল 3 টা | সকাল 9 টা থেকে বিকেল 3 টা | সকাল 8:30 টা - রাত 8 টা | সকাল 8:30 টা - বিকাল 5 টা | সকাল 8:30 টা - বিকাল 5 টা | সকাল 8:30 টা - বিকাল 5 টা | সকাল 8:30 টা - বেলা 12 টা |
| 26 অক্টোবর | 27 অক্টোবর | 28 অক্টোবর | 29 অক্টোবর | 30 অক্টোবর | 31 অক্টোবর | 1 নভেম্বর |
| সকাল 9 টা থেকে বিকেল 3 টা | সকাল 9 টা থেকে বিকেল 3 টা | সকাল 8:30 টা - রাত 8 টা | সকাল 8:30 টা - বিকাল 5 টা | সকাল 8:30 টা - বিকাল 5 টা | সকাল 8:30 টা - বিকাল 5 টা | সকাল 8:30 টা - বেলা 12 টা |

## স্বশরীরে গিয়ে আর্লি ভোটদানের স্থান

**Main Library** – *449 Broadway*
**Cambridge Water Department (Cambridge পানি অধিদপ্তর)** – *250 Fresh Pond Parkway*
**Valente লাইব্রেরি** – *826 Cambridge Street, Berkshire Street-এর পাশের প্রবেশদ্বার*

রাষ্ট্রপতি নির্বাচনের জন্য 51 Inman Street-এ অবস্থিত **Election Commission office আর্লি ভোটিংয়ের স্থান হবে না।** ভোটারদের অবশ্যই উপরে তালিকাভুক্ত যেকোনো একটি আর্লি ভোটিংয়ের স্থানে যেতে হবে।

# ডাকযোগে আর্লিভোটিং

**1.**
www.MailMyBallotMA.com থেকে একটি আবেদন ডাউনলোড করুন অথবা আপনার নাম, Cambridge-এর ঠিকানা, আপনি যেখানে ব্যালট পাঠাতে চান সেই ঠিকানা এবং আপনার স্বাক্ষরসহ একটি লিখিত অনুরোধ পাঠান।

**2.**
ইমেইল, ফ্যাক্স বা ডাকযোগে আপনার স্বাক্ষরিত আবেদন পাঠান। আপনি যদি আপনার আবেদন ইমেইল করে থাকেন, তাহলে আপনাকে এমনভাবে স্বাক্ষর করতে হবে যা আপনার হাতে লেখা স্বাক্ষরের সাথে তুলনা করা যেতে পারে। ইলেকট্রনিক স্বাক্ষর, স্ক্যান করা আবেদন ও আবেদনের ছবি গ্রহণযোগ্য। টাইপ করা স্বাক্ষর গ্রহণ করা যাবে না।

**ইমেইল:** elections@cambridgema.gov
**ফ্যাক্স:** 617-349-4366
**মেইল:** Cambridge Election Commission, 51 Inman Street Cambridge, MA 02139

**3.**
**আপনার ব্যালট ফেরত দেওয়ার বিকল্পসমূহ:**
- আপনার ব্যালটের সাথে প্রদত্ত ডাক-প্রদত্ত খাম ব্যবহার করে ডাকযোগে ব্যালট ফেরত দিন।
- নির্ধারিত আর্লি ভোটিংয়ের সময় নির্ধারিত আর্লি ভোটিংয়ের স্থানে একজন নির্বাচনী কর্মকর্তার কাছে সিল করা ব্যালটের খামটি ফেরত দিন।
- Cambridge-এ অবস্থিত ছয়টি (6) ব্যালট ড্রপ বক্সের যেকোনোটিতে আপনার ব্যালট পৌঁছে দিন। ড্রপ বক্সের লোকেশন এই গাইডের শেষ পৃষ্ঠায় তালিকাভুক্ত করা হয়েছে।

**আপনার ব্যালট অনলাইনে ট্র্যাক করুন এই ঠিকানায় TrackMyBallotMA.com**



## গুরুত্বপূর্ণ সময়সীমা

**ব্যালটের জন্য অনুরোধ করার সময়সীমা:** *মঙ্গলবার, 29শে অক্টোবর বিকাল 5 টা*
নির্বাচন কমিশন সময়মতো ডেলিভারি নিশ্চিত করতে যত তাড়াতাড়ি সম্ভব আবেদন করার সুপারিশ করে।

**ড্রপবক্সের মাধ্যমে বা স্বশরীরে গিয়ে ব্যালট ফেরত দেওয়ার সময়সীমা:** *5 নভেম্বর, মঙ্গলবার, রাত 8 টা*
**নির্বাচনের দিন ডাকযোগে** ফেরত আসা ব্যালট পোস্টমার্ক করতে হবে এবং শুক্রবার, 8ই নভেম্বর বিকাল 5 টার মধ্যে Election Commission office-এ পৌঁছাতে হবে

**কোনো প্রশ্ন আছে?**
CambridgeMA.gov/EarlyVoting এই ঠিকানায় আমাদের ওয়েবসাইট ভিজিট করুন
617-349-4361 নম্বরে Election Commission Office-এ কল করুন
elections@cambridgema.gov এই ঠিকানায় আমাদেরকে ইমেইল করুন

আপনার আবেদনে সাহায্যের জন্য নির্বাচন কমিশনের সাথে যোগাযোগ করার জন্য আপনার যদি দোভাষীর প্রয়োজন হয়, তাহলে অনুগ্রহ করে 617-865-2273 নম্বরে কল করুন। একজন দোভাষী আপনাকে শহরের প্রতিনিধির সাথে যোগাযোগ করিয়ে দিবে।